



রাজধানীর কুড়িল বিশ্বরোড রেলগেটে সুবর্ণ এক্সপ্রেস এবং বিমানের জ্বালানি বহনকারী ট্যাংকলরীর সংঘর্ষ

## ত্রি জা প্রবাহ

এবং বিমানের জ্বালানি বহনকারী ট্যাংকলরীর সংঘর্ষে ৩টি বগি ভস্মীভূত, ১ জন নিহত ও কমপক্ষে ২৫ ব্যক্তি আহত হয়েছে। ঢাকা সিটি মেয়র সাদেক হোসেন খোকা ২০০২-২০০৩ অর্থবছরের

## সাত দিন

**৮ জুলাই :** প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার আমন্ত্রণে থাই প্রধানমন্ত্রী থাকসিন সিনাওয়াত্রা তিন দিনের সরকারি সফরে বাংলাদেশে এসেছেন।

নোয়াখালীর কোম্পানিগঞ্জ চাঁদাবাজ ছাত্রদল নেতাকে গ্রেপ্তার করায় তার সমর্থকরা সড়ক অবরোধ ও থানা ঘেরাও করে।

ভৈরবের অদূরে দুটি বাস ও ট্রাকের সংঘর্ষে ৩ জন নিহত ও ৪০ ব্যক্তি আহত হয়েছে।

**৯ জুলাই :** 'ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ'-এর পক্ষ থেকে চট্টগ্রাম প্রেসক্লাব মিলনায়তনে এক সাংবাদিক সম্মেলনের মাধ্যমে বাংলাদেশের 'করাপশন ডাটাবেজ রিপোর্ট ২০০২' প্রকাশ করা হয়।

চট্টগ্রাম সিটি মেয়র এবিএম মহিউদ্দিন চৌধুরীসহ ৩ জনের বিরুদ্ধে দুর্নীতি দমন ব্যুরো ৪টি পৃথক মামলা দায়ের করেছে।

সংসদে বিরোধীদলীয় উপনেতার সাংবাদিক সম্মেলন কভার করার সুযোগ না দেয়ার প্রতিবাদে সংসদের বাইরে এসে সাংবাদিক সম্মেলন করে স্পিকারের বিরুদ্ধে নিরপেক্ষতা-হীনতার অভিযোগ আনেন অ্যাডভোকেট আব্দুল হামিদ।

**১০ জুলাই :** প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া মাগুরহাড়া গ্যাসকূপ বিস্ফোরণে ক্ষতিপূরণ আদায়ে বিলম্ব এবং সম্পূর্ণক চুক্তি করার বিষয়টি তদন্ত ও দায়ী ব্যক্তিদের শাস্তি করতে বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠনের নির্দেশ দিয়েছেন।

ফ্রেডিট কার্ড, মানি চেঞ্জার প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে হস্তির সঙ্গে জড়িত থাকার অভিযোগে এসব তদন্ত করতে বাংলাদেশ ব্যাংককে নির্দেশ দিয়েছেন অর্থ ও পরিকল্পনামন্ত্রী এম সাইফুর রহমান।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া দেশের বিদ্যুৎ উৎপাদন পরিস্থিতি দ্রুত স্বাভাবিক করতে নির্দেশ দিয়েছেন।

**১১ জুলাই :** ২০০২-২০০৩ অর্থবছরের রপ্তানি লক্ষ্যমাত্রা নির্ধারণ নিয়ে বাণিজ্যমন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় চলতি অর্থবছরে রপ্তানি আয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় ৬২৫ কোটি ৯০ লাখ ডলার।

রাজধানীর কুড়িল বিশ্বরোড রেলগেটে চট্টগ্রাম থেকে ছেড়ে আসা সুবর্ণ এক্সপ্রেস

জন্য কর্পোরেশনের ৬৭৭ কোটি ৩৪ লাখ টাকার বাজেট ঘোষণা করেন। পয়েন্ট অব অর্ডারে বক্তব্য দেয়ার সুযোগ এবং বিরোধী দলের উপনেতাকে ফ্লোর না দেয়ার প্রতিবাদে প্রধান বিরোধী দল আওয়ামী লীগ সংসদ থেকে ওয়াক আউট করে।

**১২ জুলাই :** বুড়িগঙ্গা নদীর উভয় তীরে অবৈধ দখল ও স্থাপনা উচ্ছেদসহ নদীকে দূষণ ও দখলমুক্ত করার দাবিতে বাংলাদেশ পরিবেশ আন্দোলনের উদ্যোগে সদরঘাট টার্মিনালে এক নাগরিক সমাবেশ ও নৌকা মিছিল অনুষ্ঠিত হয়।

হিন্দু সম্প্রদায়ের অন্যতম প্রধান ধর্মীয় উৎসব রথযাত্রা শুরু হয়েছে। নগর বিএনপি চট্টগ্রাম সিটি মেয়র এবিএম মহিউদ্দিন চৌধুরীকে বয়কটের সিদ্ধান্ত নিয়েছে।

নারায়ণগঞ্জে সন্তাসীরা জমির নামে এক যুবককে কুপিয়ে হত্যা করেছে।

**১৩ জুলাই :** আওয়ামী লীগ দলীয় প্রবীণ এমপি ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংহতি পরিষদের চেয়ারম্যান কর্নেল (অবঃ) শওকত আলীকে গ্রেপ্তার করা হয়েছে।

সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ আশুলিয়ার সকল ধরনের মাটি ভরাটের কাজ অবিলম্বে বন্ধ রাখার নির্দেশ দিয়েছে। মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ অফিসে শতাধিক গ্রামবাসী হামলা চালিয়েছে।

বাংলাদেশ রেলওয়ে প্রাথমিকভাবে ঢাকা-চট্টগ্রামের মধ্যে দ্রুতগতি সম্পন্ন ম্যাগনেটিক ট্রেন চালুর সিদ্ধান্ত নিয়েছে।

**১৪ জুলাই :** কর্নেল (অবঃ) শওকত আলী এমপিকে মুক্তি না দেয়া পর্যন্ত আওয়ামী লীগ এমপিরা সংসদে যোগ দেবেন না বলে এক প্রেস ব্রিফিংয়ে বিরোধীদলীয় নেত্রী শেখ হাসিনা জানিয়েছেন।

জাতীয় রাজস্ব বোর্ডের কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে চলতি অর্থ বছরের রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে কঠোর পদক্ষেপ গ্রহণ ও ফাঁক-ফোকর বন্ধের নির্দেশ দিয়েছেন অর্থ ও পরিকল্পনামন্ত্রী এম সাইফুর রহমান।

ভিকারননিসা স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ হামিদা আলীকে স্বপদে বহাল রাখার দাবিতে ছাত্রী ও অভিভাবকবৃন্দ রাজধানীতে অবরোধ কর্মসূচি পালন করেন।

হুমায়ুন মাহমুদ চৌধুরী চট্টগ্রাম চেম্বারের নতুন সভাপতি নির্বাচিত হয়েছেন।



থাই প্রধানমন্ত্রী থাকসিন সিনাওয়াত্রাকে স্বাগত জানাচ্ছেন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া